

খণ্ডকালীন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারকনং: ৩৩.০১.৩৬১১.০০০.০০.০০০.২০- ১৬৯ (৯)

তারিখ: ৩০/১১/২০২০ ইং


প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ লালন পালনকারী খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি ইউনিয়নে ০১ (এক) জন করে খণ্ডকালীন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণকরে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২ কপি, জাতীয়তা, এন আইডি নং ও, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো।

অগ্রহীদের আগামী ১০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমা দানের জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ শুধুমাত্র ৪,৬,৭,৯,১০,১১, ও ১৩ নং ইউনিয়ন থেকে অগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারবেন।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
২. শিক্ষাগত যোগ্যতা এস এস সি পাস হতে হবে।
৩. বয়স ৩০-৫০ বছর হতে হবে।
৪. পুরুষ বা নারী উভয়কে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) হিসেবে নির্বাচন করা যাবে।
৫. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৬. বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৭. প্রাণিসম্পদ অধিদপ্তর বা যুবউন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত কে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
৮. ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি কে লাইভস্টক ফিল্ডফ্যাসিলিটেটর (LFF) পদে নিয়োগ প্রদান করা হবে না। সার্বক্ষণিক অন্য পেশায় জড়িতদের লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) পদে আবেদনের প্রয়োজন নেই।
৯. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তি লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) পদে অযোগ্য বলে বিবেচিত হবেন।
১০. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য লাইভস্টকফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযত ভাবে পালনের মানসিকতা থাকতে হবে।



ডা. মো. সাইফুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ

ও

সদস্যসচিব,

হাওর অঞ্চলে প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের সফলভোগী নির্বাচন,
লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ ও মনিটরিং কমিটি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলো।

১. উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
২. উপজেলা কৃষি অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।
৪. উপজেলা সমাজসেবা অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
৫. চেয়ারম্যান ৪,৬,৭,৯,১০,১১, ও ১৩ নং ইউনিয়ন পরিষদ।

অনুলিপি:

১. নোটিশ বোর্ড
২. অফিস নথি।